# চিকিৎসায় অবস্থার উন্নতি দেখলেই খালেদা জিয়াকে লন্ডনে নেওয়ার প্রস্তুতি



সংগৃহীত ছবি

বেগম খালেদা জিয়ার শারীরিক অবস্থায় সামান্য স্থিতি ফিরলে তাঁকে লন্ডনে স্থানান্তরের প্রস্তুতি নিচ্ছে পরিবার। এমন সম্ভাবনার কথা জানিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের উপদেষ্টা ড. মাহদী আমিন। শনিবার (২৯ নভেম্বর) তিনি সামাজিক যোগাযোগমাধ্যমে এ আপডেট দেন।

ড. মাহদী জানান, খালেদা জিয়ার গতবারের চিকিৎসা যে লন্ডনের বিশেষায়িত হাসপাতালে হয়েছিল, সেই চিকিৎসকদলের সঙ্গে আবারও যোগাযোগ করা হয়েছে। তারেক রহমান ও তাঁর স্ত্রী ডা. জুবাইদা রহমান এ বিষয়ে সরাসরি কথা বলেছেন এবং প্রয়োজনীয় সমন্বয় শুরু করেছেন।

তিনি আরও বলেন, যদিও খালেদা জিয়া ঢাকার এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন, প্রকৃতপক্ষে তাঁর চিকিৎসা চলছে একটি আন্তর্জাতিক মেডিকেল টিমের তত্ত্বাবধানে। লন্ডন ও ঢাকার চিকিৎসকদের মধ্যে প্রতিনিয়ত তথ্য আদান-প্রদান হচ্ছে, আর পুরো প্রক্রিয়াটি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছেন তারেক রহমান।

জুবাইদা রহমান মেডিকেল বোর্ডের অন্যতম সক্রিয় সদস্য হিসেবে চিকিৎসা সিদ্ধান্ত ও সমন্বয়ের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছেন বলেও জানান তিনি।

ড. মাহদীর ভাষায়, “দেশের মানুষের আশা—উন্নত চিকিৎসার পর খালেদা জিয়া আবারও সুস্থ হয়ে নেতৃত্বে ফিরবেন এবং জাতিকে নতুনভাবে উদ্দীপিত করবেন।”